যুগান্তর

তারিখ: 29 JAN 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আজ শুরু

**যুগান্তর রিপোর্ট**

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আজ শুরু হচ্ছে। প্রাথমিক স্তরের শিক্ষার উৎকর্ষের লক্ষ্যে প্রতিবছর জানুয়ারি মাসে এই সপ্তাহ পালন করা হয়ে থাকে। এতে বিগত বছরের শিক্ষা, খেলাধুলা, সঙ্গীত, বিদ্যালয় পরিচালনাসহ বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য পুরস্কৃত করা হয়। পাশাপাশি পরবর্তী বছরের শিক্ষার জন্য দিকনির্দেশনা দেয়া হয়। এবারের প্রাথমিক শিক্ষা সপ্তাহের মূল প্রতিপাদ্য 'শিক্ষার আলো জ্বালবো, ডিজিটাল বাংলাদেশ গড়বো'।

শিক্ষা সপ্তাহ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শনিবার বাণী দিয়েছেন। তিনি বলেছেন আওয়ামী লীগ সরকার দেশপ্রেমে উদ্বুদ্ধ, নৈতিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন, সুশিক্ষিত আগামী প্রজন্ম গড়ে তুলতে প্রাথমিক শিক্ষার উন্নয়নে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে।

আজ সকাল সাড়ে ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষা সপ্তাহের অনুষ্ঠানের উদ্বোধন করবেন। এতে ২০১৬ সালের সমাপনী পরীক্ষায় সেরা ফলাফল করাসহ ১৮টি ক্যাটাগরিতে সেরা অবদান রাখা ১০৮ জনকে শ্রেষ্ঠ পুরস্কার প্রদান করা হবে।